## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।


★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই মাঘ বুধবার ১৩৬৬ ইংরাজী 27th Jan. 1960 { ৩৭শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sasur

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই মাঘ বুধবার সন ১৩৬৬ সাল।

# জানুয়ারীর শেষ অষ্টাহ

—•—

বর্ত্তমানে জানুয়ারী মাসের শেষ অষ্টাহ মধ্যে ২৩শে, ২৬শে ও ৩০শে তারিখের ঘটনা তিনটির প্রথম দুইটি আনন্দের এবং শেষটি ভারতের অহিংস অসহযোগ প্রথার নিয়ামক গান্ধীজির আততায়ী কর্ত্তৃক নিহত হওয়ার কলঙ্কময় শোকাবহ দুর্ঘটনা।

## ২৩শে জানুয়ারী
## নেতাজীর জন্মদিন

—•—

নেতাজী সুভাষচন্দ্র বসু যখন নেতাজী হন নাই। তখন হইতে অদ্বিতীয় শক্তিসম্পন্ন বলিয়া জনসমাজে স্বীকৃত হইয়াছেন। তিনি ভূমিষ্ঠ হন উৎকলের কটক সহরে। **কটক** মানে সৈন্য ও সেনা-নিবেশ, শক্তিমান পুরুষ ভিন্ন সৈন্য হওয়া যায় না। পঠদ্দশায় অধ্যাপক অন্যায় করিয়া সুভাষের মাতৃ-ভূমির নামে কুভাষা প্রয়োগ করায় সুভাষচন্দ্র কুভাষা সহিতে পারেন নাই। অর্জ্জুন যেমন আবশ্যকমত অস্ত্রগুরু দ্রোণাচার্য্যের সংহারে বিরত হন নাই, সুভাষচন্দ্র অন্যায় ভাষা প্রয়োগকর্ত্তা শিক্ষাগুরুর অঙ্গসেবায় ত্রুটি করেন নাই। তাঁহাকে তজ্জন্য প্রেসিডেন্সি কলেজ ত্যাগ করিয়া স্কটিশচার্চ কলেজ হইতে বি-এ, পাশ করিতে হইয়াছিল। পিতা কটকের সরকারী উকীল জানকীনাথ এই সোনার চাঁদ পুত্রকে আই. সি. এস. পাশ করিবার জন্য বিলাত পাঠাইতে বিপন্ন হইয়া উঠিলেন। তদানীন্তন বাংলা, বিহার, উড়িষ্যার রাজধানী কলিকাতার দপ্তরখানার আণ্ডার সেক্রেটারী স্বনামধন্য ৺যোগেন্দ্রনারায়ণ মিত্র মহাশয়কে শ্রীমানের গ্যারান্টার হইতে হইয়াছিল। অন্য কোন লোক দূরের কথা সুভাষচন্দ্রের পিতা যোগেন্দ্রবাবুকে বলিতে বাধ্য হইয়াছিলেন—তুমি যে সোনার চাঁদের জামিন হ'লে তাঁর সৎকর্ম্মের জন্য তোমার চাকরী যেতে পারে অন্তিমের সম্বল পেন্সনও হারাবে। যোগেন্দ্রনারায়ণ উত্তর দিলেন—আমি তা জানি। আমাদের মনে হয় "রতনে রতন চিনে" কথাটা মিথ্যা নয় যোগেন্দ্রনারায়ণ সুভাষের বয়সে এমনি সোনার চাঁদ ছিলেন। সুভাষ কিন্তু বিলাতে জামিনদারকে বিপন্ন করার মত কোন সৎকর্ম্ম করেন নাই। আই. সি. এস. হয়ে বোম্বাই নেমেই শুনিলেন গান্ধীজি ইংরাজ সরকারের সঙ্গে নন-কো-অপারেশন করিয়াছেন। সঙ্গে সঙ্গে মনে ভাবিলেন —যারা দেশজননীকে শৃঙ্খলাবদ্ধ করিয়াছেন আমি সেই শৃঙ্খলের দৈর্ঘ্য বাড়াতে এলাম। নিষ্ঠীবনবৎ আই. সি. এস. বিদ্যা ত্যাগ করিলেন। হ'য়েছিলেন "ইণ্ডিয়ান সিভিল সার্ভিস্" ইংরাজ সরকার তাঁকে আই. সি. এস. বলিয়া দেখিতে লাগিলেন। 'ইণ্ডিয়ান সিভিল সার্ভিস" সংক্ষেপে হয় আই. সি. এস. সুভাষচন্দ্র হইলেন "ইণ্ডিয়ান ক্রিমিন্যাল সার্ভিস" এটাও সংক্ষেপে আই. সি. এস. হয়। এইভাবে বহুদিন কাটাইয়া যে গান্ধীজির আদর্শে উপাধি ত্যাগ করিলেন কংগ্রেসে রাষ্ট্রপতি হবার পাল্লা দিতে লেগে গেলেন গান্ধীজির দ্বারা সাহায্য-প্রাপ্ত পট্টভি সীতারামিয়ার প্রতিদ্বন্দ্বিতা করিয়া। জয়ী হইলেন সুভাষচন্দ্র। গান্ধীজি ইহাতে সমস্ত ভারতের ভোটে সুভাষচন্দ্রকে জয়ী হইতে দেখিয়া অহিংসার গুরু বলিয়াছিলেন এ পরাজয় সীতা-রামিয়ার নয় আমার পরাজয়। বহু প্যাঁচ খেলিয়া শেষ অবধি সুভাষকে ইস্তফা দিয়া কংগ্রেস ত্যাগ করিতে হইয়াছিল। সুভাষের ত্যক্ত পদে বৃত হইলেন ভারতের বর্ত্তমান রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র-প্রসাদ।

ইংরাজ রাজ্যে মোসলেম লীগ শাসনাধীনে সুভাষ নিজ বাড়ীতে বন্দী থাকিতে থাকিতে নাজি-মুদ্দীনের সতর্ক পুলিশের চক্ষে ধূলি দিয়া দীর্ঘকালে সঞ্চিত দাড়ীচুলে আফগান সাজিয়া কোথায় অন্তর্দ্ধান হইল কেউ জানে না। কাবুল দিয়া যদি কাবুলী যায় তাহাকে আফগানের পোস্ত ভাষায় কথা না বলিলে ছদ্মবেশী বলিয়া দণ্ডিত হইতে হইবে। শিবাজী যেমন আরঙ্গজেবের বন্দী থাকাকালীন অভিনব ধূর্ত্ততার বলে মোগল প্রহরীদের চক্ষে ধূলি দিয়া-ছিলেন। সুভাষচন্দ্র কালা-বোবা সাজিয়া "বোবার শত্রু নাই" বাক্যের জ্বলন্ত দৃষ্টান্ত দেখাইয়া গেলেন। একেবারে হিটলারের কাছে গিয়া যেদিন রেডিওতে কথা বলিলেন সেদিন সকলে বুঝিল এবার কাহাকেও গ্যারান্টি না দিয়া জার্ম্মানি গেলেন। সাবমেরিনে শিঙাপুরে এসে "আজাদ হিন্দ" রাজ্য স্থাপন করিলেন। এতদিন একা যুঝিয়া হিন্দু, মোসলেম, শিখ সৈন্যের নেতাজী হইলেন।

নেতাজী কতকটা স্বামী বিবেকানন্দ হইতে পারে কিন্তু প্রখর ধূর্ত্ততায় শিবাজীর চেয়েও প্রখরতর। সুভাষচন্দ্রকে নেতাজী হইতে বাধ্য করিলেন তাঁহারাই যাঁহারা তাঁহাকে কংগ্রেস রাষ্ট্র-পতির পদ হইতে নামাইয়া নেতাজী পদে উন্নীত করিতে বাধ্য করিলেন।

## ২৬শে জানুয়ারী
## সাধারণতন্ত্র দিবস

—•—

ইংরাজ রাজত্বে ২৬শে জানুয়ারীতে দেশাত্ম-বোধী জনগণ সঙ্কল্প বাক্য পাঠ করিতেন। ভারত স্বাধীন হয়েছে ১৯৪৭ অব্দের ১৫ই আগষ্ট সাধারণ-তন্ত্র দিবস প্রচলিত হয় ১৯৫০ এর ২৬শে জানুয়ারী হইতে। এবার ১১শতম সাধারণতন্ত্র দিবস। ইংরাজ রাজত্বে যাঁহাদের উপযুক্ততা সরকার উপলব্ধি করিতেন তাঁহারা সরকার দত্ত এই রকম উপাধি ও **A** হইতে **Z** পর্য্যন্ত অক্ষরগুলি উল্টেপাল্টে উপাধির সংক্ষিপ্ত নাম দিয়া ক্ষিপ্ত করিয়া তুলিতেন। এ আমলে রাষ্ট্রপতি ১১শ তম বর্ষেও দেশবাসিগণকে স্বাধীনতা রক্ষায় সর্ব্বদা জাগ্রত থাকিতে অনুরোধ করিতেছেন।

## ৩০শে জানুয়ারী
## মহাত্মাজীর আততায়ী কর্ত্তৃক নিধন

—•—

ইংরাজ ১৯৪৭ খৃষ্টাব্দের ১৫ই আগষ্ট হইতে কংগ্রেসের হস্তে ভারত শাসনের ভার ও ভারতবর্ষের

একাংশকে পাকীস্থান নামকরণ করিয়া মোসলেম লীগ হস্তে দিয়া গেলেন। কংগ্রেসীরা যে সাম্প্রদায়িকতা দেখিয়া নাক সিটকাইতেন, সেই সাম্প্রদায়িকতা ভাগ্যে ঘটিল। মহাত্মা গান্ধী কংগ্রেসের চারি আনা চাঁদা দেওয়া মেম্বর ছিলেন না। স্বাধীন ভারতে তিনি অগ্রণী হইলেন। বহুদিনের পচা পুরাতন কথা—

ন গণস্যাগ্র তো গচ্ছেৎ
সিদ্ধে কার্য্যে সমং ফলং।
যদি কার্য্যে বিপত্তিঃ স্যাৎ
মুখরস্তত্র হন্যতে।

গান্ধীজির শিষ্যানুশিষ্যগণ তাঁহার সেক্রেটারী শ্রীনির্ম্মল বসুর "মাই ডেজ উইথ গান্ধী" নামক ইংরাজী পুস্তক ও স্বাধীন ভারতের শিক্ষা মন্ত্রী মৌলানা আবুল কালাম আজাদ কর্ত্তৃক লিখিত "ফ্রিডম্ অব্ ইণ্ডিয়া" পাঠ করিয়া নিশ্চয় ব্যথা পাইতেছেন।

## ভিসা সম্বন্ধে

কলিকাতাস্থ পাকিস্তান মিশন জানাইতেছেন যে, যে সকল ভারতীয় নাগরিক পাকিস্তানের জন্য "এ" শ্রেণীর ভিসা চাহেন, তাঁহারা পূর্ব্ব পাকিস্তানে মহকুমা বা জেলা শাসকের কাছে আবেদন না করিয়া উপরোক্ত মিশনে যেন আবেদন করেন।

'মহকুমা প্রচার সংস্থা'

## সাধারণতন্ত্র দিবস

২৬শে জানুয়ারী মঙ্গলবার জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ সহরে এবং মহকুমার বিভিন্ন স্থানে সাধারণতন্ত্র দিবস যথারীতি প্রতিপালিত হইয়াছে। জঙ্গিপুর ফৌজদারী আদালত ভবনে মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় জাতীয় পতাকা উত্তোলন করেন এবং পুলিশ বাহিনীর অভিবাদন গ্রহণ করেন। উক্ত সময়ে সরকারী কর্ম্মচারিবৃন্দ ও জনসাধারণ উপস্থিত ছিলেন। সরকারী ও বেসরকারী অফিস সমূহে, সমস্ত বিদ্যালয়ে এবং নাগরিকগণের বাড়ীতে জাতীয় পতাকা উত্তোলিত হয়। জঙ্গিপুর কলেজে সর্ব্বধর্ম্ম প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়।

## নেতাজীর জন্মদিবস

হারোয়া ফ্রি বোর্ড প্রাইমারী বিদ্যালয়ে গত ২৩শে জানুয়ারী "নেতাজী জন্ম দিবস" ও ২৬শে জানুয়ারী "সাধারণতন্ত্র দিবস" পালন করা হইয়াছে। সভায় পৌরোহিত্য এবং পতাকা উত্তোলন করেন জনাব সৈয়দ মহসীন আলি মিঞা, প্রধান শিক্ষক মহাশয় ঐ দিবস সমূহের তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া ছাত্র ছাত্রীদের দেশপ্রেমে অনুপ্রাণিত করেন। উপস্থিত ভদ্র মহোদয়গণের মধ্যে জনাব আবদুল হামিদ, আওয়ান সেখ প্রভৃতি বক্তাগণ সময়োচিত ভাষণ দেন, সভায় আবৃত্তি ও সঙ্গীতানুষ্ঠান শেষে মিষ্টান্ন বিতরণ করা হয়। —সংবাদদাতা

## অগ্নিফৌজের উদ্যোগে

স্বামী বিবেকানন্দ ও নেতাজী দিবস

গত ২০শে জানুয়ারী বুধবার বৈকালে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্ক হলে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের নবাগত প্রধান শিক্ষক শ্রীভবানীশঙ্কর ভট্টাচার্য্য মহাশয়ের সভাপতিত্বে প্রবন্ধ, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সভায় সহরের বিশিষ্ট ভদ্রমহোদয়গণ উপস্থিত ছিলেন।

২৩শে জানুয়ারী শনিবার রঘুনাথগঞ্জ সদরঘাটে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শ্রীরমাপতি চট্টোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে এক সভা হয়। সভায় শ্রীত্রিদিব চৌধুরীর অগ্রজ ও নেতাজী বসুর সহকর্ম্মী ডাঃ শ্রীকালীপদ চৌধুরী মহাশয় প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। ডাঃ চৌধুরী আই-এন-এর সংক্ষিপ্ত ইতিহাস ও নেতাজীর আদর্শ সম্বন্ধে বক্তৃতা করেন। অগ্নিফৌজের মুখপত্র 'অগ্নিবাণী' পত্রিকার উদ্বোধন হয়।

## এম. এল. এর রিভলভার

জঙ্গিপুরের শ্রীকুবেরচাঁদ হালদার এম. এল. এ হাওড়া ষ্টেশন হইতে দীঘা যাইবার সময় তাঁহার ফোলিও ব্যাগ খোয়া যায়। ঐ ব্যাগে রিভলভার ছিল। তিনি টেলিফোনে হাওড়া রেল পুলিশকে ঘটনার খবর দেন। এ পর্য্যন্ত খোঁজ পাওয়া যায় নাই বলিয়া প্রকাশ।

## স্থলশুল্ক বিভাগের কার্য্যবিবরণী

গত ১৫ই ডিসেম্বর (১৯৫৯) তারিখে যে পক্ষকাল শেষ হইয়াছে তাহার মধ্যে স্থলশুল্ক কর্ম্মচারীরা বহু চোরা কারবার ধরিয়াছেন। যে সকল মাল ধরা পড়িয়াছে সেগুলির আনুমানিক মূল্য হইবে ১৩,৩০৪ টাকা, এগুলির মধ্যে কতকগুলি মালের দাবীদার আছে, আবার কতকগুলি মালের দাবীদার নাই। ধৃত দ্রব্যাদির মধ্যে আছে প্রধানত সুপারি, লবঙ্গ, মুদ্রা ও বিবিধ দ্রব্য প্রভৃতি।

প্রেঃ ইঃ ব্যুঃ

## সরকারী বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে মুর্শিদাবাদ জেলার এষ্টেটস্ এ্যকুইজিসেন বিভাগের কর্ত্তৃত্বাধীন নিম্নলিখিত ফেরীঘাট ও খুটাগাড়ী সমূহ পৃথক বিজ্ঞপ্তি দ্বারা প্রচারিত সর্ত্তাধীনে আগামী ১০ই ফেব্রুয়ারী ১৯৬০ সাল তারিখ বেলা ১১ ঘটিকার সময় মুর্শিদাবাদ কালেক্টরী অফিসে নিম্নস্বাক্ষরকারীর এজলাসে ১৩৬৭ সালের জন্য এক সন মেয়াদে ইজারা বন্দোবস্ত করা হইবে। ফেরীঘাট এবং খুটাগাড়ী ইজারা গ্রহণেচ্ছু ব্যক্তিগণ উক্ত পৃথক বিজ্ঞপ্তি দ্বারা প্রচারিত সর্ত্তাধীনে উপরোক্ত স্থান ও সময়ে উপস্থিত হইয়া ফেরীঘাট ও খুটাগাড়ী ডাক করিতে পারেন।

যে সকল ফেরীঘাট ও খুটাগাড়ী ডাক করা হইবে তাহার তালিকা :—

১। খেজুরিয়া—ফারাক্কা গ্রুপ ফেরীঘাট
(Khejuria—Farakka group of ferries)
২। ধুলিয়ান—দেওনাপুর গ্রুপ ফেরীঘাট
(Dhulian—Dwnapur group of ferries)
৩। ধুলিয়ান গ্রুপ অব খুটাগাড়ী
(Dhulian group of Khutagaries)

ইতি—তারিখ ২১।১।৬০


স্বাঃ S. Dutt
কালেক্টর
( এষ্টেটস্ এ্যাকুইজিসন্স বিভাগ )
মুর্শিদাবাদ — নদীয়া
মোঃ বহরমপুর ( মুর্শিদাবাদ )

শীতের দিনে-ও

ল্যানোলিন-যুক্ত বোরোলীন
আপনার ত্বক-কে সজীব রাখবে

শীতের কনকনে হাওয়ার হাত থেকে স্বাভাবিক সৌন্দর্য্য রক্ষা করতে বোরোলীন-ই হচ্ছে আদর্শ ফেস্ ক্রীম। নিয়মিত ব্যবহারে, ওষধিগুণ-যুক্ত, সুরভিত বোরোলীনের সক্রিয় উপাদান ত্বক-কে কোমল, মসৃণ ও সজীব ক'রে তুলবে আর আপনার অন্তর্লীন স্বাভাবিক সৌন্দর্য্যকে বিকশিত করবে। বোরোলীনের যত্নে নিজেকে রূপোজ্জ্বল করুন।






বোরোলীনে—ল্যানোলিন আছে বলে শীতের দিনে-ও গাল, হাত ও ঠোঁটফাটার হাত থেকে রক্ষা করে আর রুক্ষতম ত্বকের-ও লাবণ্য বৃদ্ধি করে।

পরিবেশক : জি, দত্ত এণ্ড কোং ১৬, বনফিল্ড লেন • কলিকাতা-১

odarts/59


## দোকান কর্ম্মচারী আইন প্রবর্ত্তন

বিগত ৫ই ডিসেম্বর, ১৯৫৯ হইতে অরঙ্গাবাদে জে. এল ৫৯নং ইচলিপাড়া মৌজায় "সপস্ এণ্ড এষ্টাব্লিস্‌মেণ্ট এ্যাক্ট" প্রবর্ত্তন হইয়াছে। এই স্থানের দোকান কর্ম্মচারিগণ সপ্তাহে দেড়দিন ছুটি পাইবেন।

---

## দোকান কর্ম্মচারী আইন লঙ্ঘনের জন্য অর্থদণ্ড

রঘুনাথগঞ্জ চাউলপটীর আড়তদার শ্রীকালীচরণ দত্ত বন্ধের দিনে দোকান খুলিয়া বিক্রয় করার অপরাধে অভিযুক্ত হয়। বিচারে ২৫৲ পঁচিশ টাকা অর্থদণ্ড হইয়াছে।

---

## ধান্য ও চাউলের দর

বর্ত্তমানে মহকুমার গ্রামাঞ্চলে ১৬৲ টাকা মণ দরে ধান্য বিক্রয় হইতেছে। আছাঁটা চাউল ২২৸০ এবং ছাঁটা ২৪৲ হইতে ২৪৷০ টাকা মণ দরে বিক্রয় হইতেছে।

---

## স্বল্প সঞ্চয় সপ্তাহ

গত ১৩ই জানুয়ারী বৈকালে জঙ্গিপুর ফৌজদারী আদালত ভবনের বারান্দায় মহকুমা শাসকের আহ্বানে সহর ও মফঃস্বলের সরকারী কর্ম্মচারিবৃন্দ ও গণ্যমান্য নাগরিকগণ এক সভায় সমবেত হন। পশ্চিম বঙ্গ সরকারের স্বল্প সঞ্চয় সম্পর্কীয় স্পেশাল অফিসার শ্রীএম. এন. সমাদ্দার স্বল্প সঞ্চয়ের উপকারিতা সম্বন্ধে বিশেষভাবে ব্যাখ্যা করেন। সভাশেষে প্রচার বিভাগ কর্ত্তৃক এই বিষয়ের বিশেষ ছায়াচিত্র প্রদর্শিত হয়। ন্যাসনাল সেভিংস এর ডিষ্ট্রিক্ট অর্গানাইজার শ্রী এস. আর. দত্ত বলেন যে গত বৎসর জঙ্গিপুর মহকুমা স্বল্প সঞ্চয়ে জেলার মধ্যে শীর্ষস্থান অধিকার করিয়াছে।

গত ১৪ই জানুয়ারী বেলা ৩৷০ ঘটিকার সময় মুর্শিদাবাদ জেলা প্রচার কার্য্যালয়ে মুর্শিদাবাদ জেলার সাংবাদিকগণ ও মহকুমা প্রচার কর্ত্তাগণ এক সভায় সমবেত হন। জেলা প্রচার কর্ত্তা শ্রীএন. গোস্বামী বলেন জাতীয় জনকল্যাণের জন্য বিভিন্ন পরিকল্পনাকে গড়িয়া তুলিতে এবং জনগণকে সঞ্চয় করিবার উদ্দেশ্যে সমগ্র জেলায় স্বল্প সঞ্চয় সপ্তাহ পালন করা হইতেছে। মুর্শিদাবাদ জেলায় ন্যাসনাল সেভিংস সার্টিফিকেট বিক্রয়ের জন্য ৫২ জন এজেণ্ট কার্য্য করিতেছেন।

---

## বুনিয়াদী শিক্ষা সপ্তাহ

গত ২১শে জানুয়ারী দ্বীপচন্দ্রপুর হাজারপুর নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে "বুনিয়াদী শিক্ষা সপ্তাহ" পালিত হইয়াছে। প্রভাতফেরী, গ্রাম ও বিদ্যালয় প্রাঙ্গণ সাফাই, প্রার্থনা, কাতাই শিল্পের বিভিন্ন কারুকার্য্য প্রদর্শন, হস্ত শিল্প প্রদর্শনী, অভিভাবক সম্মেলনী ও জনসভা হইয়াছে। জনসভায় স্থানীয় বহু গণ্যমান্য ব্যক্তি এবং ফরক্কা থানার অন্তর্গত ৩নং ইমামনগর ও ৪নং অর্জ্জুনপুর ইউনিয়নস্থিত প্রাঃ বিদ্যালয়সমূহের শিক্ষকবৃন্দ ও ছাত্রগণ যোগদান করেন। শিল্প প্রদর্শনীর দ্বারোদ্ঘাটন করেন ধুলিয়ান চক্রের বিদ্যালয় সমূহের অবর পরিদর্শক শ্রীজগদীশচন্দ্র সাহা মহাশয়। —সংবাদদাতা

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৮ই ফেব্রুয়ারী ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৪২ খাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং কলিমুদ্দিন মণ্ডল দিং দাবি ৮২ টাকা ৮৪ নঃ পঃ থানা সুতী মৌজে নারায়ণপুর ১৫/০ বিঘার কাত ১৫৲ আঃ ৫০৲ খং ৩৫০

১৪৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৮ টাকা ৩১ নঃ পঃ মৌজাদি ঐ ৯৷৩৷০ কাত ৯৷৵৯ আঃ ৩৫৲


২০ মনি ডিঃ জ্যোতীশচন্দ্র দত্ত দেং সনৎকুমার মণ্ডল দাবি ২০১ টাকা ২০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে বরগড়া ১০১ শতকের মধ্যে ৫০৷০ শতকের কাত পরস্তামত ১৷/০ আঃ ৫০৲ খং ৯৮৬ রায়ত স্থিতিবান স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৩০ মনি ডিঃ হারাধন দাস দিং দেং মেনকাসুন্দরী বর্ম্মণ্যা দাবি ৭৭ টাকা ৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুর ৭৯ শতকের কাত ২/৯ আঃ ৪০৲ খং ২১৭ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট থানা ঐ মৌজে তেঘরী ২০ শতকের কাত ।৵৬ আঃ ১০৲ খং ৫৮৩ ঐ স্বত্ব

---


পশ্চিম বঙ্গে
পঞ্চবার্ষিকী পরিকল্পনার
অক্লান্ত অভিযান
২৬শে জানুয়ারী
প্রজাতন্ত্র দিবস, ১৯৬০ উপলক্ষ্যে
প শ্চি ম ব ঙ্গ  স র কা র  ক র্তৃ ক  প্র চা রি ত
WBG-34





## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।